একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা পরিষদ, মেলান্দহ

জামালপুর

## অক্টোবর/২০২২ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ : ২৬/১০/২০২২ খ্রি:

সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি না থাকায়, সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, গত ১৩ অক্টোবর আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস, ১৫ অক্টোবর হাতধোয়া দিবস, ১৬ অক্টোবর বিশ্ব খাদ্য দিবস ও ১৮ অক্টোর শেখ রাসেল দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। তিনি সভায় আরও জানান আগামী ৬.১১.২২ তারিখে এইচ.এস.সি পরিক্ষা শুরু হবে, পরিক্ষা কেন্দ্রগুলোতে সুষ্ঠু পরিবেশ তৈরি করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | বিষয়গুলো সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, পরিক্ষা কেন্দ্রগুলোতে সুষ্ঠু পরিবেশ তৈরি রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, ০১. কোভিড-১৯ টিকাদান কার্যক্রম:- ১২-১৭ বছর বয়সী ছাত্র/ছাত্রীদের মাঝে ফাইজার টিকার ১ম ডোজ গত ২৭.১২.২০২১ ইং তারিখ থেকে চালু রয়েছে। এই বয়সে ছাত্র/ছাত্রীদের টিকা প্রদানের লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছিল ৩৩৭১২ জন, অদ্য ২৮.০৭.২২ ইং তারিখ পর্যন্ত ১ম ডোজ ফাইজার টিকা প্রদান করা হয়েছে ৩২৯১০ জন কে। যার শতকরা হার ৯৮% ছাত্র/ছাত্রী ফাইজার টিকা ১ম ডোজ চলমান রয়েছে। এইচএসসি পরীক্ষার্থীদের ২য় ডোজ দেওয়া হয়েছে ১০৯৭ জন কে। তাছাড়া কোভিড-১৯ এর ভেরোসেল টিকার ১ম ডোজ দেওয়া হয়েছে ১৭২২৭১ জন কে ও ২য় ডোজ দেওয়া হয়েছে ১৭২২৩২ জন কে। এসস্টেজেনেকা টিকার ১ম ডোজ দেওয়া হয়েছে ৬৮৬১ জন কে ও ২য় ডোজ দেওয়া হয়েছে ৭৪০৬ জন কে এবং বুস্টার ডোজ দেওয়া হয়েছে ৮৭১৩৫ জন কে। আমাদের ইপিআই টিকা কেন্দ্রে সাব- ব্লকে ১৮ বছর উর্ধ্বে সকল কে ১ম ডোজ টিকা প্রদান চলমান রয়েছে ১লা ফেব্রুয়ারি/২০২২ ইং হতে ২য় ডোজ টিকা প্রদান চলমান আছে। হাসপাতালে করোনা পরীক্ষার এন্টিজেন টেস্ট চালু আছে। হাসপাতালে করোনা রোগী ভর্তির জন্য একটি করোনা কর্ণার সার্বক্ষণিক চালু রয়েছে এবং মাঠ পর্যায়ে প্রতিটি ইউনিয়নে একটি মেডিকেল টিম করোনা রোগীর ব্যবস্থাপনা ও করোনা প্রতিরোধের জন্য চালু রয়েছে। মাইকিং ও মাঠ কর্মীদের উঠান বৈঠকের মাধ্যমে করোনার প্রতিরোধে করনীয় বিষয়ে জনগণ কে সচেতন করা হচ্ছে এ ব্যাপারে প্রশাসনের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য, সারাদেশে বিদ্যুৎ ঘাটতি এবং লোডসেডিং এর কারনে হাসপাতালে বিদ্যুৎ না থাকলে হাসপাতালে বিভিন্ন সমস্যা দেখা দেয় হাসপাতালের আইপিএস ও জেনারেটর চালু রাখার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু জেনারেটর চালানোর জন্য কোন তেল বরাদ্দ নেই বিদায় জেনারেটর চালু রাখা ব্যাহত হচ্ছে। | বিষয়গুলো সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, চলমানকাজগুলোর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কোন বিষয় আলোচনা করা সম্ভব হয়নি। | | |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এই মাসে রোপাআমন ফসলের ৫০টি পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনী ৫০ জন কৃষকের মাঝে বাস্তবায়ন করা হয়। ৮৫ জন কৃষকের মাঝে পঁচাশি বিঘা জমির মাসকলাই প্রণোদনা দেয়া হয়। প্রতিজন কৃষক ০৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি সার এবং ০৫ কেজি এমওপি সার পায়। উদ্বোদ্ধ করনের মাধ্যমে ১২০ জন কৃষককে প্রশিক্ষণ/পরামর্শ প্রদান করা হয়। ০৫টি গ্রুপে ০৫টি এলএলপি ডিজেল চালিত মেশিন সরবরাহ করা হয়। সার ও বালাইনাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাইনাশক দোকান পরিদর্শন। মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে। | মাঠে কৃষকদের নিবিড় পরামর্শ দেওয়া অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণি সম্পদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, অক্টোবর/২২ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৯৮০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৪৩৩ টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ১৯৯০ টি, খামারি প্রশিক্ষন প্রদান বিভিন্ন দপ্তর কর্তৃক আয়োজিত ৪০ জন, খামার পরিদর্শন ১১ টি, উঠান বৈঠকের আয়োজন ৮ (আট)টি, অংশগ্রহণকারীর সংখ্যা ১১৮ জন, রাজস্ব আদায় টিকা এবং সিমেন সরবরাহ করে ৩৭৮৭৫ টাকা। প্রাণিসম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রদত্ত মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগাম সহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে। | চলমান কাজগুলো অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কোন বিষয় আলোচনা করা সম্ভব হয়নি। | | |
| ৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, মেলান্দহ উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের জরিপ কাজ চলমানে আছে, প্রতিবন্ধী ব্যক্তিদের পরিচয়পত্র বিতরণ কাজ চলমান আছে এবং ২০২২-২০২৩ অর্থবছরে প্রথম কিস্তির সামাজিক নিরাপত্তা বেস্টনীর আওতায় বয়স্ক,বিধবা,প্রতিবন্ধী ও অন্যান্য বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ও বিশেষ শিক্ষা উপবৃত্তির পে-রোল প্রদান সম্পূর্ণ করা হয়েছে। | চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

চলমান পাতা -২

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১। গনিত বিষয়ে ৯০জন শিক্ষকের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ২। গণিত বিষয়ে ৩০জন শিক্ষকের প্রশিক্ষণ চলমান আছে ৩। প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভা হয়েছে ৪। বিদ্যালয় পরিদর্শন ৪৫টি ৫। অফিসের অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে। | বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কোন বিষয় আলোচনা করা সম্ভব হয়নি। | | |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, গবাদীপশু হাসমুরগী পালন, পোষাক তৈরি, বেসিক কম্পিউটার, ইলেকট্রনিক, রেফিজারেশন, মৎস্য চাষ প্রশিক্ষণ চলমান রয়েছে, প্রশিক্ষণের এক ব্যাচ শেষ হলে অন্য ব্যাচ শুরু হবে। এছাড়া ২১-৩৫ বছর বয়সী যুব/যুব নারীদের জন্য যানবাহন চালনা প্রশিক্ষণ খুব শ্রীঘ্রই শুরু হবে, বায়ুগ্যাস স্থাপনের জন্য ইমপ্যাক্ট ফেইজ-৩ প্রকল্পের আওতায় ১২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী, এলজিইডি মেলান্দহ, জামালপুর সভায় জানান, ফরেস্টার মেলান্দহ, জামালপুর ১৭.১০.২০২২ তারিখ ২৮.মে.উ.না.কে-১৭ নং স্মারকে মেলান্দহ উপজেলা পরিষদ প্রাঙ্গনে নতুন ভবন স্থলে বিদ্যমান ০৭ (সাত) টি বিভিন্ন প্রজাতির খাড়াগাছের মূল্য নির্ধারণ পূর্বক উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ বরাবর প্রেরণ করেন। যার মূল্য নিম্নরূপ:<br>১। মেহগনি গাছ ০৫টি =৫১.২২ ঘনফুট = ১৫,৯৩৩/৫০<br>২। ইউকেলিপটাস ০১টি = ২৮.৪০ ঘনফুট = ১৭,৭৫০/-<br>৩। নিম গাছ ০১টি = ৪.১১ ঘনফুট = ৭১৯/২৫<br>৪। মোট বিবিধ প্রজাতির জ্বালানী ৩৫.০ ঘনফুট = ৯১০/-<br>সর্ব মোট মূল্য = ৩৫,৩১২/৭৫<br>তিনি সভায় আরও জানান যে, ফরেস্টার কর্তৃক প্রাক্কলিত সর্ব মোট ৩৫,৩১২/৭৫ (পয়ত্রিশ হাজার তিনশত বার টাকা, পঁচাত্তর পয়সা) টাকা মূল্যে ০৭টি বিভিন্ন প্রজাতির গাছ নিলামে বিক্রয় করার ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করার জন্য এই সভার অনুমোদন প্রয়োজন। | মেলান্দহ উপজেলা পরিষদ প্রাঙ্গনে উল্লেখিত ০৭ (সাত) টি গাছ কর্তন ও নিলামের বিক্রয় প্রস্তাব অনুমোদনের জেলা প্রশাসক, জামালপুর মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, তিন পৌরসভা প্রকল্পের আওতায় মেলান্দহ পৌরসভায় ৪ কিঃমিঃ ড্রেন, ২১০০ বাসায় পানি লাইনের সংযোগের কাজ, ডাম্পিং ও ফিক্যাল স্লাসের কাজ চলমান আছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্স পাম্পসহ ৩০টি হ্যান্ড ওয়াশ বেসিন নির্মাণ ও ২২টি ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৭টি মিনি AIRP এর কাজ চলমান। | চলমান কাজগুলো নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ২০৫ টি সমবায় সমিতি রয়েছে। ২০২১-২০২২ সালের অডিট কার্য ০১/০৭/২০২২ খ্রি. তারিখ হতে শুরু করা হয়েছে। অত্র উপজেলায় ০১ টি আশ্রয়ণ প্রকল্প ও ০২ টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে। উক্ত আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায় কার্য অব্যাহত আছে। সমবায় অধিদপ্তরের অধিদপ্তরের আওতাধীন সিভিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। অক্টোবর/২০২২খ্রি.মাসে ০১টি যৌথসভা ও ই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। | চলমান কার্যক্রম দ্রুত শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন | অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি | | |
| ১৬ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, নাংলা ইউনিয়নের ৪ ও ৫ নং ওয়ার্ডের বন বিভাগ কর্তৃক সদ্য ৩.০ কি.মি স্ট্রীপ বাগান সুন্দর ও সফল হলেও মাঝেমধ্যে বাগান সংলগ্ন কৃষি জমির মালিকগণ অসহিষ্ণু মনোভাব পোষণ করত সরকারি রাস্তা বনায়নে গাছপালা গরু ছাগল এবং নিজেরা রাতের আধারে ধ্বংস করে থাকে। এ ব্যাপারে অত্র সামাজিক বনায়নের সভাপতি হিসাবে ইউএনও মহোদয়ের নিকট বাগানোর রক্ষনাবেক্ষনের সুপরামর্শ কামনা করছি। একই সঙ্গে আইনী ব্যবস্থা নেওয়া যায় কিনা এ ব্যাপারে সিদ্ধান্ত দিবেন। করাতকল বিধিমালা/২০১২ অনুযায়ী অত্র মেলান্দহ উপজেলার সকল অবৈধ করাতকলের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্যে উপজেলা নির্বাহী অফিসারের সদয় সুদৃষ্টি আকর্ষণ করছি। | আলোচনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান এস.এস.সি/দাখিল/ এস.এস.সি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল)/সমমান পরীক্ষা-২০২২ পরীক্ষাগুলো সুষ্ঠ ও নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করা হয়েছে । বিদ্যালয় পর্যায়ে সকল শিক্ষকদের জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ ও মানসিক স্বাস্থ্যসেবা বিষয়ক ফাস্ট এইড(পার্ট-০১) কোর্সের অনলাইন প্রশিক্ষণ সমাপ্ত করা হয়েছে। বিষয়ভিত্তিক কারিকুলামের অনলাইন প্রশিক্ষণ চলমান রয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, গত জুলাই/২২ খ্রি: হতে ডিসেম্বর/২২ তারিখ পর্যন্ত ভি.ডব্লিউ. বি কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া গেছে। অক্টোবর/২২ মাসে ১১টি ইউনিয়নের ৪০ জন খাদ্যবান্ধব ডিলার চালানের মাধ্যমে চাল উত্তোলন করেছেন এবং ভোক্তাদের নিকট বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। মেলান্দহ ও হাজরাবাড়ী পৌরসভায় মোট ০৭ (সাত) জন ডিলারের মাধ্যমে ওএমএস-এর চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। নির্বাচনী এলাকা কাবিখা কার্যক্রম প্রথম পর্যায়ে গমের বরাদ্দ পাওয়া গেছে। | বিভিন্ন বাজার ও রাইস মিলে অতিরিক্ত মজুদ আছে কিনা তা তদারকি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৯ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সভা পরিচালনায় স্ব স্ব বিভাগের ষ্ট্যান্ডিং কমিটির সুপারিশ সভা অনুষ্ঠানের পূর্বে জমা প্রদানের বিধান থাকলেও যথাসময়ে না পাওয়ায় প্রতিটি দপ্তর থেকে অগ্রগতি প্রতিবেদন দাখিলের জন্য সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান। | আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬.১০.২২

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

চলমান পাতা- ৩

...ক নং :উপকা.মেলা.২০২২.৫০ তারিখ : ২৬.১০.২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব মির্জা আজম এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ............................................. সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৫। অফিস কপি।

২৬/১০/২২

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

অক্টোবর/২০২২ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭১১-৬৩৬৮৮৫ uzchairmanmelandah@gmail.com | |
| ২ | জনাব, মোঃ সেলিম মিঞা, উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০ unomelandah@gmail.com | |
| ৩ | ডাঃ [illegible] | melandah@uhfpo.dghs.gov.bd | |
| ৪ | মোঃ হাবিব সাবদুল্লাহ অতিরিক্ত কৃষি অফিসার | Habibsabdullah@gmail.com | |
| ৫ | মোঃ মাহমুদুর রহমান উপজেলা মৎস্য অফিসার | ০১৭৭৮-২০০২০ ufomelandaha@fisheries.gov.bd | |
| ৬ | মোঃ আজিজুর রহমান ভুঁইয়া USEO | 01717187658 useo_melandaha@yahoo.com | |
| ৭ | ডাঃ সাহাদাত হোসেন LEO, মেলান্দহ, ULO | sahadat1201137@gmail.com 01742564104 | |
| ৮ | [illegible] SAE, LGED | 01711-389826 | |
| ৯ | হাবিবুননাহার, UFPA | 01704-128473 | |
| ১০ | সোহানা [illegible] | ০১৭১০-৮৮০৭০২ | |
| ১১ | আনজুমানোয়ারা বেগম | চেয়ারম্যান [illegible] ০১৭২০২০৮৬৯০ | |
| ১২ | মোঃ সাইদুল ইসলাম | ০১৭১৬২১০০৭২ | |
| ১৩ | [illegible] | 01712-391939 | |
| ১৪ | মোঃ [illegible] | ০১৭৮০৮০৮২৫ | |
| ১৫ | ডাঃ মোঃ ইউনুস আলী | ০১৭১২৬২৮০৮০ | |
| ১৬ | মোঃ [illegible] | [illegible] | |
| ১৭ | [illegible] | [illegible] | |
| ১৮ | [illegible] | [illegible] | |
| ১৯ | মোঃ মোবারক হোসেন SAE, DPHE | 01818-822698 | |
| ২০ | মোঃ [illegible], URDO | 01991133059, Urdomelandah at brdb.gov.bd | |
| ২১ | মোঃ হাবিবুল্লাহ UCCO, মেলান্দহ | 01710857139 uco.melandah.@gmail.com | |
| ২২ | [illegible] | 01724-105975 Chairman 01 No Durmut U.P | |

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৩ | মোঃ রায়হান হোসেন ইউপিএম | 01719-431435, raihan.ugzp@gmail.com | [signature] |
| ২৪ | মোঃ রাশেদ ইকবাল সিরাজ ফরেস্টার | 01828-104926 rashedforester@gmail.com | R Siraj [signature] |
| ২৫ | মোঃ মোস্তফা কামাল উপজেলা শিক্ষা অফিসার | 01718-308926 ueo melendah@gmail.com | [signature] |
| ২৬ | | | |
| ২৭ | | | |
| ২৮ | | | |
| ২৯ | | | |
| ৩০ | | | |
| ৩১ | | | |
| ৩২ | | | |
| ৩৩ | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ মেলান্দহ
জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২২.৪৯ তারিখঃ ২৪.১০.২০২২

নোটিশ

আগামী ২৬.১০.২০২২ তারিখ, রোজ বুধবার দুপুর ১২.০০ ঘটিকায় মির্জা আজম আধুনিক অডিটরিয়াম ২য় তলার হল রুমে উপজেলা পরিষদের সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ২৬.১০.২০২২ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৫.১০.২০২২ তারিখের মধ্যে নিম্নলিখিত ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

E-mail:uzchairmanmelandah@gmail.com

২৪/১০/২২

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

চেয়ারম্যান প্রবাসী ইউনিয়ন, সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২২.৪৯ তারিখঃ ২৪.১০.২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জনাব, মির্জা আজম, এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

২৪/১০/২২

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com